

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১৭
আগরতলা, ০৮ মার্চ, ২০১৯

উচ্চতর মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০১৯ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার আজ কেমিস্ট্রি/পলিটিক্যাল সায়েন্স/সোসিওলজি, মাদ্রাসা ফাজিল আর্টস ও পলিটিক্যাল সায়েন্স এবং মাদ্রাসা ফাজিল থিওলজি ও ইসলামিক স্টাডিস বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজ্যের মোট ৫৯টি(উপকেন্দ্রসহ ৮১টি) উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের সবকয়টি পরীক্ষা কেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজকের এই পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনো পরীক্ষার্থীকে বহিষ্কার করার সংবাদ পাওয়া যায় নি। অবশ্য সব পরীক্ষাকেন্দ্রের সব তথ্য এই সংবাদ প্রেরণ করা পর্যন্ত পাওয়া যায়নি।

আজকের এই পরীক্ষায় পর্ষদ সভাপতি ড. ভবতোষ সাহা, সোনামুড়া, মেলাঘর, বিশ্রামগঞ্জ ও বিশালগড় এবং পর্ষদের ও এস ডি ইন্ড্রজিৎ দাস ও মনীষ পোদ্দার আমতলি উচ্চমাধ্যমিক বিদ্যালয়, বড়দোয়ালী উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং বাণীবিদ্যাপীঠ উচ্চতর বালিকা বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
